



১৫ই জুন ২০১৬

### প্রেস বিজ্ঞপ্তি

রাণা প্লাজা ভবন ধসের ৩ বছর পর ইমারত নির্মাণ আইনে অভিযুক্ত ব্যক্তিদের বিরুদ্ধে বিচার শুরু হওয়ায় ব্লাস্টের অভিনন্দন

রাণা প্লাজার ধসের ৩ বছর পর ইমারত নির্মাণ আইনে অভিযুক্ত ব্যক্তিদের বিরুদ্ধে মামলার বিচার শুরু হয়েছে। তিন বছর পরে ইমারত নির্মাণ আইনে অভিযুক্ত ব্যক্তিদের বিরুদ্ধে বিচার শুরু হওয়ায় বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) অভিনন্দন জানাচ্ছে।

রাণা প্লাজা ধসের ঘটনায় গত বছরের ১লা জুন করা হত্যা মামলা ও ইমারত নির্মাণ আইনে করা মামলায় ওই ভবনের কর্ণধার সোহেল রাণা সহ মোট ৪২ জনকে অভিযুক্ত করে অভিযোগপত্র দেয় সিআইডি। যার মধ্যে ৪১ জনকে হত্যা মামলায় এবং ১৮ জনকে ইমারত নির্মাণ আইনের মামলায় অভিযুক্ত করা হয়। ভবনের নকশার ত্রুটি, অনুমোদন না নিয়ে ওপরের দিকে সম্প্রসারণ এবং নিম্নমানের নির্মাণ সামগ্রী ব্যবহার করায় ঢাকার বিজ্ঞ অতিরিক্ত বিচারিক হাকিম আদালত গত ১৪ই জুন ২০১৬ তারিখে অভিযুক্ত ১৮ জন অভিযুক্তের বিরুদ্ধে ১৯৫২ সালের ইমারত নির্মাণ আইনের ১২ ধারায় এ অভিযোগ গঠন করেন।

ব্লাস্ট দীর্ঘদিন ধরে কর্মক্ষেত্রে দুর্ঘটনায় নিহত ও আহত শ্রমিকের যথাযথ ও দ্রুত ক্ষতিপূরণ প্রদান এবং দায়ী ব্যক্তিদের বিচার ও শাস্তি এবং ক্ষতিপূরণের সুনির্দিষ্ট আইনগত কাঠামো তৈরী করার দাবী জানাচ্ছে। ব্লাস্ট ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ প্রদান ছাড়াও আহত শ্রমিকদের চিকিৎসা খরচ, পুনর্বাসন এবং নিহত শ্রমিকদের পরিবারের পুনর্বাসন ও অন্তত একজনের বিকল্প কর্মসংস্থানের ব্যবস্থা করার দাবী জানাচ্ছে।

মাহবুবা আক্তার

উপ-পরিচালক (এডভোকেসি এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

মোবাইল নং: ০১৭৭৬০৬০১১৩

ই-মেইল: [mahbuba@blast.org.bd](mailto:mahbuba@blast.org.bd)